এফসিবিকে টাইব্রেকারে হারিয়ে শিরোপা নিলো মোনাখালী ইউনিয়ন একাদশ

মেহেরপুরে প্রথমবারের মতো শুরু হওয়া “মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩” এর পর্দা নেমেছে। মেহেরপুর সরকারি কলেজ ফুটবল মাঠে “মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩” এই আয়োজন শুরু হয়েছিল ২ জুন।

গতকাল শনিবার (১ জুলাই) বিকালে দর্শকদের মাঝে টান টান উত্তেজনা, আক্রমন পাল্টা আক্রমনের মধ্য দিয়ে মেহেরপুর স্টেডিয়ামে মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর প্রতিযোগিতার পর্দা নামলো।



ফাইনাল খেলায় মোনাখালী ইউনিয়ন একাদশ ও ফাস্ট ক্যাপিটাল অব বাংলাদেশ (এফসিবি) অংশ নেয়। ফাইনালে নির্ধারিত সময়ের খেলা ১-১ গোলে ড্র থাকলে টাইব্রেকারে গড়ায় ম্যাচ। ভাগ্য নির্ধারণী টাইব্রেকারে ৩-২ গোলে এফসিবিকে হারিয়ে মোনাখালী ইউনিয়ন একাদশ চ্যাম্পিয়ন শিরোপা জিতে নেন।

টুর্নামেন্টের ম্যান অফ দি ম্যাচ ও ম্যান অফ দি টুর্নামেন্ট নির্বাচিত হন মোনাখালী ইউনিয়ন একাদশের গোলরক্ষক সুমন আহম্মেদ এবং সর্বোচ্চ গোলদাতা নির্বাচিত হয়েছেন বাওট শাপলা ক্লাবের অধিনায়ক সেলিম রেজা।



খেলা শেষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন মেহেরপুর জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান আলহাজ্ব গোলাম রসুল, মেহেরপুর পৌর

সভার সাবেক চেয়ারম্যান ও কৃতি ফুটবলার আব্দুর রহমান, আনিশা গ্রুপ ও রাজধানী টিভির চেয়ারম্যান এমএএস ইমন, রাঙামাটির যুগ্ম জেলা জজ ও মেহেরপুরের কৃতি সন্তান মিল্টন হোসেন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম।



এসময় মেহেরপুর পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইমতিয়াজ বিন হারুন জুয়েল, জনতা ব্যাংকের সাবেক এজিএম ও কৃতি ফুটবলার আব্দুস সামাদ, সাবেক সহকারি অধ্যাপক ও কৃতি খেলোয়াড় শামীম বসির, প্রিমিয়াম সুইটস এর কান্ট্রি ডিরেক্টর মাহবুবুর রহমান বকুল,বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের কার্ডিওলজি রেসিডেন্ট ডা. সজীব উদ্দীন স্বাধীন উপস্থিত ছিলেন।

টুর্নামেন্টে চ্যাম্পিয়ন দল মোনাখালী ইউনিয়ন একাদশকে ৫০ হাজার টাকার প্রাইজমানি ও ট্রপি এবং রানার্স আপ দলকে ৩০ হাজার টাকার প্রাইজমানি ও ট্রপি তুলে দেওয়া হয়। এছাড়া সেমিফাইনালে অংশ নেওয়া দুটি দল বাগোয়ান ইউনিয়ন একাদশ ও বাওট শাপলা ক্লাবকে ৫ হাজার টাকার প্রাইজমানি তুলে দেওয়া হয়।



এসময় উপস্থিত ছিলেন, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, টুর্নামেন্টের আহবায়ক এমদাদুল হক, সদস্য সচিব মাহাবুব চান্দু, নির্বাহী সদস্য মাসুদ করিম ধলস, মনিরুল ইসলাম মনি, আনোয়ারুল হক কালু, হাসানুজ্জামান বাবু, জাহাঙ্গীর আলম, শামীম জাহাঙ্গীর সেন্টু, সামসুজ্জামান শামীম, আমিরুল ইসলাম অল্ডাম, মনিরুজ্জামান মঞ্জা, ইয়ারুল ইসলাম ও সেলিম রেজা।

খেলায় রেফারি ছিলেন, আব্বাছ উদ্দীন, সহকারি রেফারি ছিলেন, মাহবুব হোসেন ও সোহেল রানা।